

## বাংলাদেশে গমের পাতার মরিচা রোগ/ব্লাস্ট রোগের পরামর্শ ১১-১৭ ফেব্রুয়ারি ২০২৪

সতর্কবার্তাঃ ০২

### মূলবার্তা

বাংলাদেশের মধ্য-পশ্চিমাঞ্চলের জেলা নাটোরে অল্প পরিমাণে ব্লাস্ট রোগের সংক্রমণ দেখা গেছে। বর্তমান আবহাওয়ার প্রেক্ষিতে বাংলাদেশে গমের মরিচা রোগ সংক্রমণের অনুকূল পরিবেশ বিরাজ করছে।

### পরামর্শ

বর্তমান আবহাওয়ার প্রেক্ষিতে গমের ব্লাস্ট রোগের সংক্রমণ বাংলাদেশের দক্ষিণ ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলের কিছু এলাকায় ছড়িয়ে পড়তে পারে। এছাড়াও বাংলাদেশের উত্তরাঞ্চলে গমের পাতায় মরিচা রোগের সংক্রমণের কিছুটা অনুকূল পরিবেশ বিরাজ করছে।

### সুপারিশ

কৃষকের মাঠে গমের ব্লাস্ট রোগ পরিলক্ষিত হওয়ায় প্রতিরোধক ব্যবস্থা হিসেবে কার্যকরী ছত্রাকনাশক অনুমোদিত মাত্রায় গাছে প্রয়োগ করতে হবে। প্রয়োজনীয় পরামর্শের জন্য নিকটস্থ উপসহকারী কৃষি কর্মকর্তা অথবা উপজেলা কৃষি অফিস অথবা বিডাব্লিউএমআরআই এর অফিসে যোগাযোগ করুন।